

দীর্ঘ ৩৪ দিন বন্ধের পর আজ খুলছে বাকৃবি ক্যাম্পাস

বাকৃবি প্রতিনিধি



সংগ্রহীত ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) দীর্ঘ ৩৪ দিনের স্থবরিতার

অবসান ঘটতে চলেছে। রবিবার (৫ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ে

যথারীতি ক্লাস পরীক্ষা শুরু হবে। এর আগে গত ৩ অক্টোবর

সকাল ৯টা থেকে শিক্ষার্থীরা নিজ নিজ আবাসিক হলসমূহে উঠতে

শুরু করেছে।

জানা যায়, গত ৩১ আগস্ট কম্বাইন্ড ডিগ্রির দাবিতে আন্দোলনরত

শিক্ষার্থীদের ওপর বহিরাগতদের হামলার ঘটনায় শিক্ষার্থী-

সাংবাদিকসহ ১৫ আহত হন।

এ ঘটনার পর বিশ্ববিদ্যালয়ে উত্তেজনাকর পরিবেশ সৃষ্টি হলে

বিশ্ববিদ্যালয় প্রশাসন সেদিন রাত সাড়ে ৯টায় অনলাইনে অনুষ্ঠিত

জরুরি সিভিকেট সভায় অনিদিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ

ঘোষণা করা হয়। পরদিন ১ সেপ্টেম্বর সকাল ৯টার মধ্যে

বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে অবস্থানরত সকল ছাত্র-ছাত্রীদের
হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়।

এর আগে একইদিন সকাল ১১টায় কম্পাইন্ড ডিপ্রি বিষয়ে সিদ্ধান্ত
জানাতে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে
একটি একাডেমিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছিল। দুপুর দেড়টায়
শিক্ষা পরিষদ তিন ডিপ্রি প্রস্তাব করলে শিক্ষার্থীদের প্রত্যাশা
পূরণ না হওয়ায় উপস্থিত শিক্ষকদের ৮ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে।

অবশ্যে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে গত ২৩ সেপ্টেম্বর
অনলাইনে অনুষ্ঠিত জরুরি সিভিকেট সভায় বিশ্ববিদ্যালয় খুলে
দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় এবং হল বন্ধের নির্দেশনা প্রত্যাহার
করা হয়। ওইদিন বিকেল ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার
কৃষিবিদ ড. মো. হেলাল উল্লীনের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ
তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরো বলে হয়েছে, ‘বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও
গবেষণার স্বাভাবিক পরিবেশ বিরাজ করছে। তাই ৫ অক্টোবর
থেকে যথারীতি বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ শুরু হবে।